ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



মা কারিনার ওপর খবরদারি করছে ছোট্ট তৈমুর!

পৃঃ ৫



মাঠে ফিরেই গোল পেলেন মেসি, জেতা হলো না মিয়ামির

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১০০ ● কলকাতা ● ২৯ চৈত্র, ১৪৩০ ● শুক্রবার ● ১২ এপ্রিল, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## মোদী আবার ধর্মকেই রাজনীতির ত্রিশূল করলেন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মুখে ফের দঘর মে ঘুস কর মারেঙ্গেদ মন্তব্য। শিবের নিজের শহর হৃষিকেশে নির্বাচনী প্রচারে এসে শিবভক্ত মোদী আবার ধর্মকেই রাজনীতির ত্রিশূল করলেন। বৃহস্পতিবার তিনি বলেন, কেন্দ্রে এখন মজবুত মোদী সরকার রয়েছে।কংগ্রেস আমলে সেনাবাহিনীর দুরবস্থা বর্ণনা করে তিনি বলেন, ওদের আমলে তো জওয়ানদের বুলেটপ্রুফ জ্যাকেট পর্যন্ত ছিল না। শত্রুর বন্দুকের সামনে প্রাণ হাতে নিয়ে দাঁড়াতে হতো। বিজেপি ক্ষমতায় আসার পরেই জওয়ানদের নিরাপত্তার কথা ভাবে। প্রয়াত সিডিএস বিপিন রাওয়াতের জন্মভূমিতে দাঁড়িয়ে মোদী বলেন, আমরাই জওয়ানদের বুলেট প্রুফ জ্যাকেট দিই।

বিজেপির জন্যই আজ দেশে আধুনিক রাইফেল তৈরি হচ্ছে। যুদ্ধবিমান তৈরি হচ্ছে। কংগ্রেসের মতো নয়, বিজেপি সীমান্তে আধুনিক পরিকাঠামো গড়ে তুলেছে। রাস্তা, সুড়ঙ্গপথ নির্মাণ করেছে। প্রসঙ্গত কয়েকদিন আগে একটি টিভি সাক্ষাৎকারে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংও জঙ্গিদের তাদের ঘরে ঢুকে মারার কথা বলেছিলেন। সীমান্ত পেরিয়ে জঙ্গিপনা খতম করার কথা জোরের সঙ্গে বলেন তিনি।সুতরাং, জঙ্গিরা সাবধান। প্রয়োজনে তাদের ঘরে ঢুকেই নিকেশ করব জঙ্গিদের।

মোদী আরও বলেন, যখনই দেশে কোনও দুর্বল সরকার এসেছে, তখনই জঙ্গিরা শক্তি অর্জন করেছে। মজবুত এই সরকারের জমানায় আতঙ্কবাদীদের ঘরে ঢুকে মারা হয়। এদিন উত্তরাখণ্ডের হৃষিকেশে একটি নির্বাচনী জনসভায় ভাষণ দিতে গিয়ে ফের একবার একথা উত্থাপন করেন প্রধানমন্ত্রী।

প্রসঙ্গত, ২০১৯ সালে পাকিস্তানের বুকে বিমানহানায় জঙ্গি ঘাঁটি ধ্বংস করা নিয়ে

এরপর ৩ পাতায়

## তৃণমূলের মঞ্চে উঠে মাইক টেনে নিয়ে বক্তৃতা দিলেন দিলীপ ঘোষ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** চমক দিলেন বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ। বর্ধমানে তৃণমূলের মঞ্চে উঠে মাইক টেনে নিয়ে বক্তৃতা দিলেন তিনি। দেখে তাজ্জব সকলেই। দু'দিন আগে এখানেই তাঁকে শুনতে হয়েছিল 'গো ব্যাক স্লোগান'। সেখানেই তৃণমূলের মাইক নিয়ে দিলেন সম্প্রীতির বার্তা।তখন বর্ধমান উন্নয়ন সংস্থার চেয়ারম্যান তথা বর্ধমান ১ নম্বর ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি কাকলি তা সেখানে উপস্থিত ছিলেন। দিলীপ ঘোষ জলছত্রের উদ্বোধনী অনুষ্ঠানে ঢুকে মাইক হাতে সবাইকে ইদের শুভেচ্ছা জানান। মিনিট পাঁচেক ওখানে থাকার পর অবশ্য তিনি তার নির্ধারিত কর্মসূচির জন্য ভাতাড়ের ওড়গ্রামের উদ্দেশ্যে রওনা দেন।

ওই জায়গায় লোক জমায়েতের কারণে রাস্তায় দিলীপ ঘোষের কনভয় আটকে গিয়েছিল। তখনই তৃণমূলের স্থানীয়

এরপর ৩ পাতায়

## ইদের দিন সকালে কলকাতার রেড রোডে

## নমাজের অনুষ্ঠানে উপস্থিত হয়ে বিজেপিকে আক্রমণ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ইদের দিন সকালে কলকাতার রেড রোডে নমাজের অনুষ্ঠানে উপস্থিত হয়ে বিজেপিকে আক্রমণ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। জানালেন রাজ্যে সংশোধিত নাগরিকত্ব আইন (সিএএ), জাতীয় নাগরিকপঞ্জি (এনআরসি) তিনি মানবেন না। মঞ্চ থেকে তাঁর ভোট-বার্তা, 'বাংলায় আমরা বিজেপির বিরুদ্ধে লড়ছি। একটা ভোটও অন্য কাউকে দেবেন না।'লোকসভায় এনডিএ-র ৪০০ আসন পাওয়ার দাবি নিয়েও ফের কটাক্ষ করেন মমতা। বলেন, 'আগে তো ২০০ আসন পেরোক।' একই সঙ্গে তিনি অভিযোগ করেন, ভোটের আগে তৃণমূলের ছেলেদের গ্রেফতার করা হচ্ছে, কিন্তু বিজেপির লোকেরা দোষ করলেও আদালতে জামিন পেয়ে যাচ্ছে।

এর পর মমতা মাইক তুলে দেন অভিষেকের হাতে। অভিষেক বলেন, "দিদি যা বলেছেন, তার পর বেশি কথা বলা যায় না। তবু, তিনি যখন বলতে বলেছেন, আমি বলছি। সবাই খুশির ইদে আনন্দ করুন। মনে রাখবেন, যে জল আমরা খাই, তা ভাগ হয় না। যে বাতাসে আমরা নিঃশ্বাস নিই, তা-ও ভাগ হয় না। আমাদের সকলের গায়ে যে রক্ত বইছে, তার রং লাল।

এরপর ৩ পাতায়







## নির্বাচনের মুখে ফের রাজ্যের
# দুই মন্ত্রী ফাঁসতে চলেছেন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিয়োগ দুর্নীতিতে ইতিমধ্যেই বাংলার একাধিক হেভিওয়েট নেতা-মন্ত্রীর নাম জড়িয়েছে। বেশ কয়েকজন শ্রীঘরেও রয়েছেন। সেই ইস্যু নিয়েই বিস্ফোরক মন্তব্য করেছিলেন বিধানসভার বিরোধী দলনেতা ও বিজেপি বিধায়ক শুভেন্দু অধিকারী। এদিন তিনি বলেন লোকসভা নির্বাচনের মুখে ফের রাজ্যের দুই মন্ত্রী ফাঁসতে চলেছেন।প্রসঙ্গত, পাহাড়ে যে বিপুল পরিমান টাকা নিয়োগ দুর্নীতিতে তোলা হয়েছিল এর বড় অংশ অরূপ বিশ্বাসের মাধ্যমে কলকাতায় পৌঁছেছে। জড়িত রয়েছেন মন্ত্রী তথা বারাকপুরের তৃণমূলপ্রার্থী পার্থ ভৌমিকও।সেই একই সুরে কথা বললেন ব্যারাকপুরের বিদায়ী সাংসদ তথা বিজেপি প্রার্থী অর্জুন সিং। এদিন তিনি বলেন তৃণমূল কংগ্রেসের এক প্রার্থী এবার জেলে থেকে ভোটে লড়বেন!

ঠিক কোন প্রার্থীর কথা এদিন বললেন অর্জুন সিং। সে ব্যাপারে কোনও রাখঢাক না রেখে সোজাসুজি ওই প্রার্থীর নাম বলে দিয়েছেন তিনি। এর আগে দিল্লি যাওয়ার পথে এই নিয়ে বিস্ফোরক দাবি করেন শুভেন্দু অধিকারী। বিজেপি নেতার কথায়, রাজ্যের দুই মন্ত্রী দুর্নীতির সঙ্গে জড়িত। তাঁদের নামও ফাঁস করেন রাজ্যের বিরোধী দলনেতা।

তিনি বলেছিলেন পাহাড় নিয়োগ দুর্নীতির টাকা রাজ্যের দুই হেভিওয়েট মন্ত্রীর হাত ধরেই কলকাতায় এসেছে। বিরোধী দলনেতার এই বিস্ফোরক দাবি নিয়ে ইতিমধ্যেই শুরু হয় চর্চা। শুভেন্দু দাবি করেন, পাহাড়ের এই নিয়োগ দুর্নীতির সঙ্গে রাজ্যের দুই মন্ত্রী অরূপ বিশ্বাস এবং পার্থ ভৌমিক যুক্ত।এদিন অর্জুনও সেই সুর টেনে বলেন তাঁর প্রতিপক্ষ রাজ্যের মন্ত্রী তৃণমূলের প্রার্থী পার্থ ভৌমিক এবার জেলে যাবেন। তিহার জেলে বসেই ভোট কাটাবেন তিনি বলেন দাবি করেন অর্জুন সিং। বুধবার বিকেলে নোয়াপাড়া বিধানসভা কেন্দ্রের গারুলিয়ায় ভোট প্রচারে যান অর্জুন। সেখানে গিয়েই সংবাদমাধ্যমের প্রশ্নে অর্জুন সিং বলেন, "আগে একাধিকবার বলেছিলাম সন্দেশখালি থেকে নৈহাটিতে সিবিআই এসে পৌঁছবে। এবার পাহাড়ে নিয়োগ দুর্নীতিতে তৃণমূল প্রার্থী পার্থ ভৌমিকের নাম জড়িয়েছে। খুব শীঘ্রই উনি তিহার জেলে বসে নির্বাচন লড়বেন।"

## আগামী ৭ই মে মালদা জেলার
# উত্তর ও দক্ষিণ লোকসভা কেন্দ্রে নির্বাচন




**মালদা: নিউজ সারাদিন :** আগামী ৭ই মে মালদা জেলার উত্তর ও দক্ষিণ লোকসভা কেন্দ্রে হতে চলেছে নির্বাচন। আর সে নির্বাচনকে সামনে রেখেই অন্যান্য জেলার পাশাপাশি মালদা জেলাতেও ভোটারদের মনোবল বাড়াতে পাঠানো হয়েছে জেলায় জেলায় কেন্দ্রীয় বাহিনী। সেই মতো বৃহস্পতিবার সকাল আনুমানিক দশটা নাগাদ মালদা শহরের রথবাড়ি, ফুলবাড়ী, নেতাজি মার্কেট বিচিত্রা মার্কেট সহ একাধিক এলাকায় কেন্দ্রীয় বাহিনীর রুটমার্চ লক্ষ্য করা গেল। কেন্দ্রীয় বাহিনীর সাথে স্থানীয় থানা তথা ইংরেজবাজার থানার পুলিশ আধিকারিকেরা সঙ্গে ছিলেন। কেন্দ্রীয় বাহিনী কে লক্ষ্য করা গেল ভোটারদের সাথে কথা বলতে।

## ইটভাটার দেয়াল চাপা পড়ে মৃত্যু এক আহত এক

**অভিজিৎ সাহা, নদিয়া : নিউজ সারাদিন :** নবদ্বীপ বিধানসভার অন্তর্গত আনন্দবাসের এক ইট ভাটায় কাজ করতে গিয়ে ইট পড়ে গিয়ে গুরুতরভাবে একজনের মৃত্যু হয় এবং একজন আহত হয়। মৃত ব্যক্তির নাম সুবল বাগ বয়স আনুমানিক ৪২ এবং তারই ভাই কল্যাণ বাগ বয়স আনুমানিক ৩৩ গুরুতর আহত হয়ে হাসপাতালে ভর্তি। তারা দুই ভাই। কাশিনাথ সাঁতরা নামে এক কর্মীর মাধ্যম দিয়ে জানা যায় সকালে তারা ভাটায় একসঙ্গে কাজে লেগেছিল। ১০জন মিলে কাজ করছিল। হঠাৎ করে দেয়ালের সাইডে ইট ছিল সেগুলো পড়ে যায়। সকলে পালিয়ে চলে এলো দুজনায় আটকে পড়ে। ভাটার জেসিবি দিয়ে সঙ্গে সঙ্গেই সরিয়ে তাদের উদ্ধার করা হয়। সুবল বাগের সঙ্গে সঙ্গে সেখানেই মৃত হয় এবং তার ভাই গুরুতর আহত হয়ে বিষ্ণুপুর হাসপাতালে নিয়ে গেলেও সেখান থেকে স্থানান্তর করা হয় নদিয়া জেলার শক্তিনগর হাসপাতালে। মাধব বাগ জানান এটি একটি নিছক দুর্ঘটনা আমরা ভাঁটার মালিক পলাশ দাসের কাছে আবেদন রাখছি তিনি যাতে পরিবারের প্রতি লক্ষ্য রাখেন তাহলে এই পরিবারটি বেঁচে যাবে।

## নাম আড়াল করে রাজনৈতিক প্রচার
# বরদাস্ত করবে না নির্বাচন কমিশন




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নাম আড়াল করে রাজনৈতিক প্রচার বরদাস্ত করবে না নির্বাচন কমিশন। লোকসভা ভোটের প্রচারে অনেক সময়ই কোনও রাজনৈতিক দল বা ব্যক্তির নাম ছাড়াই রাজনৈতিকভাবে তাৎপর্যপূর্ণ হোর্ডিং, পোস্টার, প্ল্যাকার্ড নজরে এসেছে কমিশনের। তাই এবিষয়ে সতর্ক করে বাংলা সহ দেশের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যসচিব ও মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছে কমিশন।লোকসভা নির্বাচনের প্রচার এখন জোরকদমে চলছে। গোটা দেশে এখন লোকসভা নির্বাচন নিয়ে সরগরম হয়ে উঠেছে। ইতিমধ্যেই গোটা দেশে আদর্শ আচরণবিধি কার্যকর করেছে জাতীয় নির্বাচন কমিশন। তবে নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণার প্রায় এক মাস পর প্রচার করার বিষয়ে এবার নয়া নির্দেশ দিল নির্বাচন কমিশন। আর তা নিয়েই জোর চর্চা শুরু হয়েছে। নির্বাচন কমিশন দেশের সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলকে নির্দেশ দিয়েছে, হোর্ডিং-পোস্টার-ব্যানার দিয়ে যে প্রচার করে থাকে রাজনৈতিক দলগুলি সেখানে অবশ্যই মুদ্রক ও প্রকাশকের নাম উল্লেখ করতে হবে। সেটাও ওই ব্যানার, পোস্টার এবং হোর্ডিংয়ের সামনে। নির্বাচনে স্বচ্ছতা রাখতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানানো হয়েছে। এদিকে আগামী ১৯ এপ্রিল প্রথম দফার ভোট শুরু হবে গোটা দেশে। তার আগে এমন নির্দেশ বেশ তাৎপর্যপূর্ণ। নির্বাচন কমিশন ১৯৫১ সালের জনপ্রতিনিধিত্ব আইন অনুযায়ী, নির্বাচনী আদর্শ আচরণবিধি কার্যকর থাকার সময় মুদ্রক ও প্রকাশকের নাম রাখার সিদ্ধান্ত নিয়েছে বলেই জানা গিয়েছে। বেনামী পোস্টার, ব্যানার, হোর্ডিং, ফেস্টুন দেখলেই পদক্ষেপ করতে নির্দেশ দেওয়া হয়েছে।বলা হয়েছে, হোর্ডিং থাকে পুরসভার অধীনে। তাই কোনও কিছু প্রচারের পিছনে কারা রয়েছে, তা জানে পুরসভা। তাই এ ব্যাপারে পুরসভাকেও উদ্যোগ নিতে হবে। প্রকাশকের নাম ছাড়া কোনও প্রচার মোটেই সুষ্ঠু ও অবাধ নির্বাচনের অঙ্গ নয়। জানা যাবে না এই প্রচার কোনও রাজনৈতিক দলের কি না। দলের প্রচার খরচও সেক্ষেত্রে আড়াল করা হচ্ছে। তাই প্রচার হোর্ডিংয়ে অবশ্যই প্রকাশকের নাম লিখতে হবে বলে জানিয়ে দিয়েছেন জাতীয় নির্বাচন কমিশন।

# কলকাতা হাই কোর্টে কাকুর স্বাস্থ্য রিপোর্ট জমা দেন এস এস কে এম কর্তৃপক্ষ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিয়োগ দুর্নীতি মামলায় একাধিক নেতা-মন্ত্রী, সরকারি অধিকারিকদের পাশাপাশি গ্রেফতার হয়েছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সংস্থার কর্মচারী সুজয়কৃষ্ণ ভদ্র ওরফে কালীঘাটের কাকু। ইডির হাতে গ্রেফতার হওয়ার পর থেকে জেলে কম হাসপাতালে বেশি থেকেছেন সুজয়কৃষ্ণ।প্রসঙ্গত, এই কালীঘাটের কাকুর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ নিয়েই দীর্ঘদিন টানাপোড়েন চলে। দীর্ঘ চার মাস বহু টানাপোড়েন, হুলস্থুলের পর গত জানুয়ারি মাসের শুরুর দিকে সুজয়কৃষ্ণ ভদ্রর কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করেছে ইডি। গত মাসে ইডির একটি সূত্র মারফত জানা গিয়েছে, সম্প্রতি তাদের হাতে কাকুর কণ্ঠস্বরের নমুনার সেই রিপোর্ট এসে পৌঁছেছে। যদিও সেই রিপোর্টে কী এসেছে, নমুনার গলার সাথে সুজয়বাবুর বর্তমান কণ্ঠের মিল খুঁজে পাওয়া গিয়েছে কী না সেই নিয়ে এখনও মুখ খোলেনি কেন্দ্রীয় এজেন্সি। বারংবার এসএসকেএম তরফে জানানো হয়েছে কাকুর শারীরিক অবস্থা ঠিক নেই। এরই মাঝে এবার কালীঘাটের কাকুর আর্জির ভিত্তিতে তার শারীরিক পরীক্ষার জন্য পিজিকে মেডিক্যাল বোর্ড গঠনের নির্দেশ দিল হাই কোর্ট।

বুধবার হাই কোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষ এসএসকেএম হাসপাতালকে নিয়োগ দুর্নীতির অন্যতম অভিযুক্ত সুজয়কৃষ্ণের শারীরিক পরীক্ষা করতে মেডিক্যাল বোর্ড গঠনের নির্দেশ দিয়েছেন। মেডিক্যাল বোর্ড চাইলে সংশোধনাগারে গিয়ে সুজয়কৃষ্ণের শারীরিক পরীক্ষা করতে পারবে বলে জানিয়েছে আদালত।

গ্রেফতার হওয়ার পর থেকেই নানা রোগে ভুগছেন সুজয়কৃষ্ণ। সম্প্রতি বুকে ব্যথার কারণে দক্ষিণ কলকাতার এক বেসরকারি হাসপাতালে এমপিআই টেস্ট করতে চেয়ে হাই কোর্টে আবেদন জানিয়েছিলেন তিনি। যদিও ভদ্রর সেই আবেদনের বিরোধীতা করে ইডি। এরপর এসএসকেএম পিজিকে মেডিক্যাল বোর্ড গঠনের নির্দেশ দেয় হাইকোর্ট।



ওদিকে সম্প্রতি অসুস্থতার কারণ দেখিয়ে কলকাতা হাই কোর্টে জামিনের আর্জি জানিয়েছেন সুজয়কৃষ্ণ। সেই মামলার শুনানিতেই কলকাতা হাই কোর্টে কাকুর স্বাস্থ্য রিপোর্ট জমা দেন এস এস কে এম কর্তৃপক্ষ। মেডিক্যাল রিপোর্টে সুজয়বাবু 'আনফিট' বলে দাবি করেছে হাসপাতাল কর্তৃপক্ষ। এসবের মাঝেই এবার সুজয়কৃষ্ণের শারীরিক পরীক্ষা করতে মেডিক্যাল বোর্ড গঠনের নির্দেশ দিল হাইকোর্ট।

## প্রথম দফার ভোটে কেবল কেন্দ্রীয় বাহিনী নয়,
# নিরাপত্তার দায়িত্বে থাকবে রাজ্য পুলিশও

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পশ্চিমবঙ্গের প্রথম দফার ভোটে কেবল কেন্দ্রীয় বাহিনী নয়, নিরাপত্তার দায়িত্বে থাকবে রাজ্য পুলিশও। প্রথম দফার তিনটি কেন্দ্রে ১০ হাজারের বেশি রাজ্য পুলিশ মোতায়েন করবে নির্বাচন কমিশন। বিভিন্ন জেলা থেকে ভোটের অন্তত তিন দিন আগে পুলিশ পৌঁছে যাবে উত্তরবঙ্গের কেন্দ্রগুলিতে।জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এবং কোচবিহার মিলিয়ে মোট বুথের সংখ্যা ৫,৮১৪টি। সম্পূর্ণ কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট করাতে হলে প্রতি বিধানসভা কেন্দ্রে ১৬ থেকে ১৮ কোম্পানি বাহিনী প্রয়োজন হয়। এখনও পর্যন্ত রাজ্যে ২৭৭ কোম্পানি বাহিনী মোতায়েন করা

এরপর ৩ পাতায়

## ডায়মন্ড হারবার থেকে নিখোঁজ ছেলের
# সন্ধান মিলল সুদূর পুরী থেকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিজেপি ছেড়ে তৃণমূলে এলে ছেলেকে পাওয়া যাবে। এমন হুমকি না কী এসেছিল। ১ এপ্রিল থেকে নিখোঁজ ছেলে। বিজেপি নেতা শঙ্খদেব পণ্ডা পরিবারের সদস্যদের নিয়ে বুধবার সাংবাদিক বৈঠকও করেছিলেন। সেই রাতেই ছেলেই সন্ধান পাওয়া গেল। ডায়মন্ড হারবার থেকে নিখোঁজ ছেলের সন্ধান মিলল সুদূর পুরী থেকে। পরিবারের সদস্যদেএ কাছে না কী ফোন এসেছিল।ডায়মন্ড হারবার পঞ্চায়েতের বিজেপির সদস্য কৌশিক খাঁড়ার ছেলে নিখোঁজ ছিল। ১ এপ্রিল থেকে সে নিখোঁজ। পুলিশের কাছে গেলেও তারা কোনও তদন্তই করছে না বলে অভিযোগ। নোদাখালি থানার পুলিশের বিরুদ্ধে অভিযোগ ওঠে। কৌশিক খাঁড়া বিজেপি ছেড়ে তৃণমূলে যোগ দিক। তাহলেই ছেলে বাড়ি ফিরে আসবে। এই কথা না কী তৃণমূলের থেকে বলা হয়েছে।

বুচান, জাহাঙ্গির নামক স্থানীয় তৃণমূল নেতারা এই ঘটনার

এরপর ৩ পাতায়






## সামরিক অস্ত্রের সম্ভার প্রতিটি দেশই বাড়িয়ে চলেছে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সামরিক অস্ত্রের সম্ভার প্রতিটি দেশই বাড়িয়ে চলেছে। পাশাপাশি আধুনিক অস্ত্র তৈরি করতে একাধিক পরীক্ষা চালাচ্ছে পৃথিবীর বহু দেশই। তবে ইসলামিক দেশ গুলির মধ্যে তুরস্কের অগ্রগতি চোখে পরার মতো। তারা পাকিস্তানকে যুদ্ধজাহাজ বানিয়ে দেওয়ার পাশাপাশি একাধিক দেশকে আজকাল যুদ্ধাস্ত্র বিক্রয় করছে।এই অস্ত্র লিবিয়ার যুদ্ধে ব্যবহার করেছে যে একপ্রকারভাবে সফল হয়েছে বলে সুত্রের খবর। চীনের তৈরি একটি ইউএভি বা ড্রোনকে লিবিয়া এই লেসার অস্ত্র ব্যবহার করে ভূপতিত করেছিল।

লেসার অস্ত্র ছাড়াও তুরস্ক ইতিমধ্যে 'বেরাকতার টিবি-২' ড্রোন, টি-১২৯ 'এটাক' হেলিকপ্টার ও টিএস ১৪০০ টার্বোশ্যাফট ইঞ্জিন, ভবিষ্যতের ষ্টীলথ জঙ্গী বিমানের মডেল টিএফ-এক্স তৈরি করতে চলেছে।

২০১০ এর প্রথমদিকে লেসার অস্ত্র নিয়ে রিসার্চ শুরু করে তুরস্ক। সেইসময় তুরস্কের এক দেশীয় কোম্পানি সেখানকার রাষ্ট্রীয় গবেষণা সংস্থা 'তুবিতাক' এর যৌথ সহায়তায় ৫০ কিলোওয়াটের লেসার অস্ত্র তৈরি করে তা জনসম্মুখে নিয়ে এসেছিল। তবে তাদের তাদের সামরিক কাজে ব্যবহার করার জন্য সকলের সামনে নিয়ে আসেনি।

২০১৫ সালে তুরস্কের গবেষণা সংস্থা "তুবিতাক" সরকারি ভাবে জানায় যে তুরস্ক লেসার অস্ত্রের সফল পরীক্ষা করেছে। তারা আমেরিকা বা রাশিয়ার মতো বিরাট অরথ ব্যয় না করলেও ২০১৫ সালে তারা ৪৫০ কোটি মার্কিন ডলার খরচ করেছিল। এরপর ৩ বছর পর অর্থাৎ ২০১৮ সালে তাদের দেশীয় কোম্পানি " আসেলসান জানায় যে তাদের তৈরি এই অস্ত্র ৫০০ মিটার পর্যন্ত নির্ভুলভাবে আঘাত হানতে সক্ষম। তুরস্কের দুই দেশীয় কোম্পানি 'আসেলসান' ও 'অটোকার' এই অস্ত্রের একাধিক ব্যবহার করে। তাদের তৈরি এই লেসার অস্ত্র সাঁজোয়া জানে মোতায়েন করা যায়, যা এখনও রাশিয়া বা আমেরিকা তৈরি করেনি।

এই অস্ত্র লিবিয়ার যুদ্ধে ব্যবহার করেছে যে একপ্রকারভাবে সফল হয়েছে বলে সুত্রের খবর। চীনের তৈরি একটি ইউএভি বা ড্রোনকে লিবিয়া এই লেসার অস্ত্র ব্যবহার করে ভূপতিত করেছিল।

লেসার অস্ত্র ছাড়াও তুরস্ক ইতিমধ্যে 'বেরাকতার টিবি-২' ড্রোন, টি-১২৯ 'এটাক' হেলিকপ্টার ও টিএস ১৪০০ টার্বোশ্যাফট ইঞ্জিন, ভবিষ্যতের ষ্টীলথ জঙ্গী বিমানের মডেল টিএফ-এক্স তৈরি করতে চলেছে।

# লোকসভা নির্বাচন ২০২৪ কোনো ইস্যু নেই, গোলমাল নেই, ভোটাররা নীরব




**ডাঃ সমরেন্দ্র পাঠক . সিনিয়র সাংবাদিক।**

**নয়াদিল্লি, ১১ এপ্রিল, ২০২৪: নিউজ সারাদিন :** দেশের সাধারণ নির্বাচনের প্রথম ধাপের ১৯ এপ্রিল ১০২টি আসনে ভোটগ্রহণ সম্পন্ন হবে। অর্থাৎ এই পর্বের প্রচারণার জন্য মাত্র এক সপ্তাহ বাকি আছে, তবে এখনও কোনও ইস্যু তোলা হয়নি। দেখা গেছে, নির্বাচনী কোলাহল নেই অধিকাংশ শহর ও গ্রাম জনশূন্য এবং ভোটাররা নীরব। প্রথম দফায় যেসব এলাকায় ভোট হবে সেসব এলাকার অবস্থা। আশ্চর্যের বিষয় হল বিহার, উত্তরপ্রদেশ, পশ্চিমবঙ্গ এবং ওড়িশায়, যা তীব্র প্রচারণা, কোলাহল এবং প্রচণ্ড তাড়াহুড়োর জন্য বিখ্যাত, নির্বাচনী বিউগল বেজে উঠলেই এই পর্বের প্রচারণা শ্বাসরুদ্ধ হয়ে যায়। এলাকায়, বিজেপির হোল্ডিং এবং প্রচারের যানবাহন পাওয়া যাবে কিন্তু অন্য দলের প্রচারক খুব কমই পাওয়া যাবে।

এইসব এলাকার ভোটারদের অবস্থা প্রায় এমন যে তারা নির্দিষ্ট তারিখে নির্বাচন হওয়ার কথাও জানেন না।তবে স্থানীয় প্রশাসন তাদের ভোট দিতে উদ্বুদ্ধ করছে।সম্প্রতি পশ্চিম উত্তরপ্রদেশে প্রধানমন্ত্রী চেষ্টা করেছেন। মিরাট, গাজিয়াবাদ এবং বিহারের কিছু জায়গায় মিটিং-মিটিং করে উত্তেজনা তৈরি করতে, কিন্তু ভোটাররা নীরব।

প্রবীণ অধ্যাপক বি.এন. মিশ্র বলেছেন যে এটিই প্রথম সাধারণ নির্বাচন যা এখনও নির্বাচনের প্রধান ইস্যু হয়ে ওঠেনি।তিনি আরও বলেন যে এর অর্থ ভোটাররা এবার নীরব থাকার সিদ্ধান্ত নিয়েছে এবং একটি বড় সিদ্ধান্ত দেবে। গণতান্ত্রিক জোট ৪০০ পার হবে নাকি ৪০-এ আটকে যাবে।

দিল্লি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যার অধ্যাপক যোগেশ কুমার বলছেন, প্রথম দফায় যে সব এলাকায় নির্বাচন হবে সেসব শহর ও গ্রাম নির্বাচনী পরিবেশ থেকে অনেক দূরে।মনে হচ্ছে কিছুই হচ্ছে না।তিনি বলেন, তার পাঁচশ কিলোমিটার ভ্রমণের সময় তিনি নীরবতার পরিবেশ পর্যবেক্ষণ করেছিলেন।

প্রো. শৈশবের দিনগুলিতে নির্বাচনের কথা বলতে গিয়ে কুমার বলেছিলেন যে প্রচার ছিল একটি উৎসবের মতো, আমরা বাচ্চারা কংগ্রেসের নির্বাচনী প্রতীক, একটি ষাঁড় এবং জনসংঘের একটি প্রদীপ পেতাম এবং আমরা তা দুই পাশে রাখতাম। আমাদের শার্ট পরে রাস্তায় বের হয়।

আশি বছর বয়সী অধ্যাপক আর.এন. সিং বলেছেন যে এই পরিস্থিতি ভাল নয়।তিনি বলেন যে আমরা আমাদের জীবনে কখনও নীরব নির্বাচন দেখিনি। সম্ভবত এটাই প্রথম নির্বাচন, জনগণ প্রকাশ্যে অংশগ্রহণ করতে পারছে না। মানুষ ভীত-সন্ত্রস্ত। তাদের মধ্যে একটা হতাশার অনুভূতি। এটা একটা বড় পরিবর্তনের প্রত্যক্ষ লক্ষণ।

## বড়সড় ভাঙনের মুখে পড়ল মহারাষ্ট্র নবনির্মাণ সেনা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আসন্ন লোকসভা ভোটে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে নিঃশর্ত সমর্থনের ঘোষণা করেছিলেন মহারাষ্ট্র নির্মাণ সেনা (এমএনএস) প্রধান রাজ ঠাকরে। আর ওই ঘোষণার পরেই বড়সড় ভাঙনের মুখে পড়ল মহারাষ্ট্র নবনির্মাণ সেনা। ইতিমধ্যেই দল ছাড়ার ঘোষণা করেছেন এমএনএসের সাধারণ সম্পাদক কীর্তিকুমার শিন্ডে-সহ একাধিক পদাধিকারী। বৃহস্পতিবার দল ছাড়ার ঘোষণা করে এমএনএসের সাধারণ সম্পাদক কীর্তিকুমার শিন্ডে বলেন, '২০১৯ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নীতির সমালোচনা করেছিলেন রাজ ঠাকরে। সাধারণ মানুষ তাঁকে সেই জন্য ধন্যবাদ জানিয়েছিল। আজ আচমকাই তিনি মোদি বিরোধিতার নীতি থেকে সরে এসে সরাসরি বিজেপিকে সমর্থনের কথা ঘোষণা করেছেন। দলের অন্দরে আগে অবস্থান বদল নিয়ে কারও সঙ্গে কোনও কথা বলেননি। এই দ্বিচারিতা কোনওভাবেই মেনে নেওয়া সম্ভব নয়। তাই এমএনএস ছাড়ার সিদ্ধান্ত নিয়েছি। 'সামাজিক যোগাযোগমাধ্যমেই এমএনএস ছাড়ার ঘোষণা করেছেন তাঁরা। যদিও একের পর এক পদাধিকারীর দল ছাড়া নিয়ে কোনও মন্তব করতে চাননি রাজ ঠাকরে।

গত মঙ্গলবার গুড়ি পারওয়া (মরাঠা নব বর্ষের প্রথম দিন) উৎসব উপলক্ষে আয়োজিত এক সভায় আসন্ন লোকসভা ভোটে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে নিঃশর্ত সমর্থনের ঘোষণা করেছিলেন রাজ ঠাকরে। এনডিএ'তে সামিল না হলেও তার দল যে লোকসভা ভোটে বিজেপির হয়ে প্রচার চালাবে, তাও জানিয়ে দিয়েছিলেন। খোদ দলের সুপ্রিমোর মুখে ওই কথা শুনে হতচকিত হয়ে যান এমএনএসের অধিকাংশ পদাধিকারী। দলের অন্দরে শুরু হয় ক্ষোভ। ক্ষমতার লোভে বিজেপির সঙ্গে হাত মেলানোর প্রতিবাদে সরব হন এমএনএসের একাধিক নেতা।

## পাহাড় নিয়োগ দুর্নীতির টাকা অরূপের মাধ্যমেই কলকাতায় এসেছে:শুভেন্দু

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** নিয়োগ দুর্নীতি নিয়ে তোলপাড় হয়েছে গোটা রাজ্য। কেলেঙ্কারিতে নাম জড়িয়েছে একাধিক হেভিওয়েট নেতা-মন্ত্রীর। আগেই গ্রেফতার হয়েছেন প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। আর লোকসভা নির্বাচনের মুখে ফের রাজ্যের দুই মন্ত্রীর নাম উঠে এল সামনে! যা নিয়ে রীতিমতো শোরগোল।একইসঙ্গে পাহাড়ের দুই নেতা বিনয় তামাং এবং অনিত থাপাও জড়িত বলে দাবি করেন নন্দীগ্রামের বিধায়ক। তাঁর অভিযোগ, পাহাড় নিয়োগ দুর্নীতির টাকা অরূপের মাধ্যমেই কলকাতায় এসেছে। বিরোধী দলনেতার এই বিস্ফোরক দাবি নিয়ে ইতিমধ্যেই শুরু হয়েছে চর্চা।এবার নিয়োগ দুর্নীতিতে

এরপর ৪ পাতায়




## ক্ষেপণাস্ত্র হামলা করতে পারে ইসরায়েল

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সিরিয়ায় ইরানের কনস্যুলেটে হামলা চালায় ইসরায়েল। এতে ইরানের এক শীর্ষ জেনারেলসহ বেশ কয়েকজন হতাহত হয়। এ ঘটনার পরপরই ইরানের পক্ষ থেকে প্রতিশোধ নেওয়ার হুমকি দেওয়া হয়।বুধবার ব্লমবার্গের এক প্রতিবেদনে বলা হয়, ইসরায়েলের সরকারি ও সামরিক স্থাপনা লক্ষ্য করে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা করতে পারে ইসরায়েল। তবে কখন হামলা হতে পারে সে ব্যাপারে স্পষ্ট করে বলা হয়নি।

এদিকে ঈদের দিন ফিলিস্তিনের গাজায় ইসরায়েলের বিমান হামলায় হামাসের শীর্ষ নেতা ইসমাইল হানিয়ার তিন ছেলে ও বেশ কয়েকজন নাতি-নাতনি নিহত হয়েছেন। হামাসের রাজনৈতিক শাখার প্রধান হানিয়া বুধবার আল-জাজিরাকে নিজেই এ তথ্য নিশ্চিত করেছেন।

গাজায় হামাস সংশ্লিষ্ট একটি বার্তা সংস্থা জানিয়েছে, গাজা শহরের পশ্চিমে একটি শরণার্থী শিবিরে ওই হামলা হয়। এতে হামাস নেতা হানিয়ার তিন ছেলে হাজেম, আমির ও মুহাম্মদ এবং তার অন্তত তিন নাতি-নাতনি নিহত হন। তাছাড়া পশ্চিমা গণমাধ্যমেও বলা হচ্ছে সরাসরি ইসরায়েলে হামলার প্রস্তুতি নিচ্ছে ইরান। যে কোনো সময় এই হামলা চালানো হতে পারে।এমন জল্পনার মধ্যেই ইসরায়েল সফরে গেলেন মার্কিন সেন্ট্রাল কমান্ডের প্রধান জেনারেল মাইকেল কুরিলা।

কুরিলা ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইওভ গ্যালান্টের সঙ্গে বৈঠক করবেন। তাদের আলোচনায় গুরুত্ব পাবে ইরানের সম্ভাব্য হামলা।

গত কয়েক দিন ধরেই ইরানের প্রতিশোধমূলক হামলার ব্যাপারে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের মধ্যে যোগাযোগ হচ্ছে। মূলত তেহরানের হামলা প্রতিহত করতে তারা উদ্বিগ্ন।

১-ম পাতার পর

# মোদী আবার ধর্মকেই রাজনীতির ত্রিশূল করলেন

বিরোধীদের তোপের মুখে পড়েছিলেন মোদী। পুলওয়ামা হামলার পর ওই ঘটনাকে রাজনৈতিক চমক বলে বিরোধীরা মন্তব্য করায় তাদের কঠোর নিন্দায় সরব হয়েছিল তাবৎ বিজেপি নেতৃত্ব। কয়েকদিন আগে মোদী আমেদাবাদে বলেছিলেন, ওরা বলেছিল বিমানহানা ছিল রাজনৈতিক ফায়দা তুলতে। কিন্তু সার্জিক্যাল স্ট্রাইকের সময় কোথায় ছিল নির্বাচন! আমাদের সিদ্ধান্ত, হাম ঘর মে ঘুস কে মারেঙ্গে।

১-ম পাতার পর

# ইদের দিন সকালে কলকাতার রেড রোডে নমাজের অনুষ্ঠানে উপস্থিত হয়ে বিজেপিকে আক্রমণ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

কেউ কেউ এই সব কিছুর মধ্যে বিভাজন করতে চাইবে। কিন্তু আপনারা সবাই মিলে তা রুখে দেবেন। বাংলার ঐতিহ্য এই একতা।"বৃহস্পতিবার রেড রোডে মুখ্যমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও। মঞ্চে তিনি সংক্ষিপ্ত বক্তৃতা করেন।

বক্তব্যের শুরুতেই ঐক্য বজায় রাখার আহ্বান জানান মমতা। বলেন, 'আপনারা এককাট্টা থাকলে কেউ আলাদা করতে পারবে না।' প্রথমে বিজেপির নাম না করেই তিনি বলেন, 'অভিন্ন দেওয়ানি বিধি (ইউসিসি) আনছে। আমরা ঘৃণাভাষণ চাই না, এনআরসি চাই না, সিএএ চাই না। আমাদের লক্ষ্য সর্বধর্ম সমন্বয়।'তার পরেই ফের কেন্দ্রীয় এজেন্সি নিয়ে বিজেপিকে তোপ দাগেন মমতা। ভূপতিনগরের ঘটনার আবহেই কেন্দ্রের শাসকদলকে কটাক্ষ করে বলেন, 'চকোলেট বোমা ফাটলেও এনআইএ পাঠিয়ে দিচ্ছে। সবাইকে ইডি-সিবিআইয়ের ভয় দেখাচ্ছে। এজেন্সিকে ভয় পাই না।'

বিজেপি গোটা দেশকে জেলখানা বানিয়ে দিচ্ছে বলেও আক্রমণ শানান তিনি। তাঁর কথায়, "আমি মৃত্যুকে ভয় পাই না। মৃত্যু আমাকে ভয় পায়। কেউ কেউ চায় ভোটে সবাইকে ভয় দেখাতে। সবাইকে এখন এনআইএ, সিবিআই, ইনকাম ট্যাক্স, ইডির হাতে ধরাতে চায়। আমি বলি, এর থেকে তো ভাল একটা জেলখানা বানিয়ে দিন। সবাইকে ভরে দিন। কিন্তু দেশের ১৩০ কোটি মানুষ, সবাইকে আপনি জেলে ভরতে পারবেন? আমরা রয়্যাল বেঙ্গল টাইগারের মতো লড়ি।"বক্তব্যের শেষ দিকে অবশ্য সরাসরি বিজেপির নাম করেই তাদের নিশানা করেন মমতা। বলেন, 'বাংলায় আমরা বিজেপির বিরুদ্ধে লড়ছি। দিল্লিতে ইন্ডিয়া জোট কী হবে, বুঝে নেব।' তার পরেই মমতা বলেন, 'বাংলায় একটা ভোটও অন্য কাউকে দেবেন না।'

লোকসভায় এনডিএ-র ৪০০ আসন পাওয়ার দাবি নিয়েও ফের কটাক্ষ করেন মমতা। বলেন, 'আগে তো ২০০ আসন পেরোক।' একই সঙ্গে তিনি অভিযোগ করেন, ভোটের আগে তৃণমূলের ছেলেদের গ্রেফতার করা হচ্ছে, কিন্তু বিজেপির লোকেরা দোষ করলেও আদালতে জামিন পেয়ে যাচ্ছে।

১-ম পাতার পর

# তৃণমূলের মঞ্চে উঠে মাইক টেনে নিয়ে বক্তৃতা দিলেন দিলীপ ঘোষ

নেতারা তাঁকে জলপানের অনুরোধ করেন। সেই সুযোগ পুরোমাত্রায় কাজে লাগান দিলীপ। গাড়ি থেকে নেমে সোজা উঠে যান মঞ্চে। সেখানেই সবাইকে সৌহার্দ্রের পরিবেশ বজায় রাখার আবেদন জানান তিনি। মিনিট পাঁচেক সেখানে থেকে ভাতারের উদ্দেশ্যে রওনা দেন তিনি।বির্তকিত মন্তব্য, 'আলগা কথার' জেরে দিলীপ ঘোষকে চর্চার শেষ নেই। রাজ্যজুড়ে আলোড়ন পড়ছে তাঁর দৈনন্দিন মন্তব্যে। বিরোধী দলের প্রার্থী থেকে শাসক দল, নির্বাচন কমিশন - বিঁধছেন সকলকেই। তবে তিনি দিলীপ ঘোষ। তাই বির্তক ও চর্চার মাঝে চমক থাকবে না তা কি হয়! ইদের দিন তিনি সেই রকমই চমক দিলেন। চমকে দিলেন শাসকদলকেও। তবে কোনও হালকা কথা বলে নয়। তৃণমূল কংগ্রেসের মঞ্চে উঠে দিলেন সম্প্রীতির বার্তা।

বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ প্রাতঃভ্রমণের কর্মসূচি শেষ করে তিনি তাঁর পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী বৃহস্পতিবার পূর্ব বর্ধমানের ভাতারে যাচ্ছিলেন ভোট প্রচারে। যাওয়ার পথে তিনি ঢুকে পড়েন তালিতের দিঘির পাড়ে একটি তৃণমূল কংগ্রেসের অনুষ্ঠানে। সেখানে বাঘাড় ২ নম্বর অঞ্চল তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে দলীয় কার্যালয়ে ইদের অনুষ্ঠানের জন্য জলছত্রের আয়োজন করা হয়।

২ পাতার পর

# ডায়মন্ড হারবার থেকে নিখোঁজ ছেলের সন্ধান মিলল সুদূর পুরী থেকে

সঙ্গে জড়িয়ে। পুলিশও তাদের কাছে যেতে বলেছিল। এমন অভিযোগ করা হচ্ছে। যদিও গতকালই পুলিশ এই অভিযোগ অস্বীকার করেছিল। এরপর রাতে ছেলের সন্ধান পাওয়া যায়।

বিজেপি মিথ্যা অভিযোগ করছে। পরিকল্পনা করে এই ঘটনা। তৃণমূলের পক্ষ থেকে এই অভিযোগ করা হচ্ছে।

সেই সূত্র ধরেই পুরীতে গিয়েছিলেন পরিবারের সদস্যরা। নিখোঁজ ছেলেকে উদ্ধার করে বাড়ি আনা হয়েছে।

কে পুরীতে নিয়ে গিয়েছিল? কে বা কারা ফোন করেছিল? কোথায় তাকে পাওয়া গেল? এই কদিন কোথায় সে ছিল? কিছুই এই খবর লেখা পর্যন্ত জানা যায়নি। এই বিষয় নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে। এই বিষয়ে জানা গিয়েছে, ছেলেটি এখন কথা বলার অবস্থায় নেই। গোটা বিষয়টি নিয়ে গতকালই কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হওয়া হবে। এমনই জানিয়েছিলেন বিজেপি নেতা শঙ্কুদেব পণ্ডা। বিষয়টি শিশু সুরক্ষা কমিশনে জানানো হবে। কেন্দ্রীয় এজেন্সি দিয়েও তদন্তের দাবি জানানো হবে। এই কথা জানানো হয়েছে। কিন্তু ছেলেটিকে পাওয়ার বিষয় নিয়ে রাজনৈতিক মহলে চর্চা শুরু হয়েছে।

২ পাতার পর

# প্রথম দফার ভোটে কেবল কেন্দ্রীয় বাহিনী নয়, নিরাপত্তার দায়িত্বে থাকবে রাজ্য পুলিশও

হয়েছে। তাঁদের সকলে এখনও রাজ্যে এসে পৌঁছতে পারেনি। প্রথম দফায় ১০০ কোম্পানি বাহিনী এসেছিল বাংলায়। তার পর ৫০ কোম্পানি, ২৭ কোম্পানি এবং শেষ দফায় আরও ১০০ কোম্পানি বাহিনী মোতায়েন করেছে কমিশন। প্রথম দফায় সেই বাহিনীর পাশাপাশি রাজ্য পুলিশও নিরাপত্তার দায়িত্বে থাকছে। প্রথম দফায় বাংলার তিনটি কেন্দ্রে ভোটগ্রহণ রয়েছে। উত্তরবঙ্গের জলপাইগুড়ি, কোচবিহার এবং আলিপুরদুয়ারে ভোট আগামী ১৯ এপ্রিল। কমিশন সূত্রে খবর, ওই তিনটি আসনের জন্য মোট ১০ হাজার ৮৭৫ জন পুলিশকর্মী মোতায়েন করা হবে। তাঁদের মধ্যে ৩,৯৫৭ জন সশস্ত্র পুলিশ থাকবেন। ভোটের তিন দিন আগে আগামী ১৬ এপ্রিলের মধ্যে ওই পুলিশকর্মীদের নির্দিষ্ট কেন্দ্রে পৌঁছে যেতে বলা হবে। রাজ্য পুলিশের সঙ্গে উত্তরবঙ্গের তিনটি কেন্দ্রে ভোটের নিরাপত্তার দায়িত্বে থাকবে কেন্দ্রীয় বাহিনীও। কমিশন সূত্রে খবর, আপাতত প্রথম দফায় ২৬৩ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা নিয়ে আলোচনা হয়েছে। আলিপুরদুয়ারে ৬৩ কোম্পানি, কোচবিহারে ১১২ কোম্পানি ও জলপাইগুড়িতে ৭৫ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ১০০ সংখ্যা ১২ এপ্রিল, ২০২৪ শুক্রবার ২৯ চৈত্র, ১৪৩০

# শাশ্বত অমর পথ, সত্যিকার জ্ঞানের পথ, শ্যামাচরণ লাহিড়ী



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)

বিশ্বাসে মিলায় বস্তু তর্কে বহুদূর,এই প্রবাদ বাক্যটির মধ্যে আলো এবং অন্ধকার দুটি বাতাবরণ পরিপূর্ণতার রূপ দিয়েছে।তাই পাপ পুণ্য ইতিহাস , ইহকাল, পরকাল এর মধ্যেই ঘটে যায়। পাপ বাপকে ছাড়ে না, এ কথাটি বহু প্রচলিত। অন্যায়, অত্যাচার ,অবিচারকারী কে ভগবান কোনদিন ক্ষমা করবে না, এটা চিরন্তন সত্য কথা।এর হাত থেকে রেহাই পাবেনা এযুগের পাপী মানুষ গুলো। আলো আর অন্ধকারের মধ্যে ঈশ্বর লুকিয়ে রয়েছে, সেই সত্যের প্রতীক যোগী শ্যামাচরণ লাহিড়ী। এই বাংলাতেই নদীয়া জেলায় বারবার আবির্ভাব হয়েছেন স্বয়ং ভগবান নীচে। তেমনই ইতিহাস বহন করে চলেছে শ্যামাচরণ লাহিড়ী।শ্যামাচরণ লাহিড়ী মহাশয়ের ১৬ই আশ্বিন ১২৩৫ বাং বা ৩০শে সেপ্টেম্বর ১৮২৮ইং আবির্ভাব হয়। তিনি লাহিড়ী মহাশয় নামে বেশি পরিচিত, একজন ভারতীয় যোগী এবং মহাবতার বাবাজির শিষ্য ছিলেন। মহাবতার বাবাজির কাছে শিখে, ১৮৬১ সালে তিনি ক্রিয়াযোগ যোগবিজ্ঞানকে পুনরুজ্জীবিত করেছিলেন। লাহিড়ী মহাশয় যুক্তেশ্বর গিরিরও গুরু ছিলেন। 'মহাশয়', সংস্কৃততে একটি আধ্যাত্মিক উপাধি যার অর্থ হল 'উদার মনের অধিকারী'। তিনি ভারতীয় ধর্মগুরুদের থেকে অন্যরকম ছিলেন। তিনি সাধারণ গৃহস্থের মত বিয়ে করেন, পরিবার পালন করেন এবং ব্রিটিশ ভারত সরকারের সামরিক প্রকৌশল বিভাগের একজন হিসাবরক্ষক হিসেবে কাজ করেন। শ্যামাচরণ মন্দির বা মঠের পরিবর্তে বারাণসীতে তাঁর পরিবারের সাথে বসবাস করেন। তিনি ১৯ শতকের হিন্দু ধর্মাবলম্বী মধ্যে একটি উল্লেখযোগ্য খ্যাতি অর্জন করেন। লাহিড়ী মহাশয় ভবিষ্যদ্বাণী করেছিলেন যে শিশু যোগানন্দ একজন যোগী হয়ে উঠবেন এবং "আধ্যাত্মিক পথপ্রদর্শক হিসাবে তিনি অনেক লোককে ঈশ্বরের জগতে নিয়ে যাবেন"। শ্যামাচরণ বঙ্গ প্রদেশের নদীয়া জেলার ঘুর্ণী গ্রামে( বর্তমানে কৃষ্ণনগর শহরের একটি পাড়া) একটি ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি গৌরমোহন লাহিড়ীর স্ত্রী, মুক্তকেশীর কনিষ্ঠ পুত্র ছিলেন। তিনি যখন শিশু ছিলেন তাঁর মা মারা যান - তাঁর মা ভগবান শিবের একজন ভক্ত ছিলেন। শ্যামাচরণ মাত্র তিন/ চার বছর বয়সে গলা অবধি বালিতে সমাহিত হয়ে, প্রায়ই ধ্যানে বসে থাকতেন। পাঁচ বছর বয়সে, পূর্বপুরুষের বাড়ি বন্যায় নষ্ট হয়ে যাওয়ায়, পরিবারটি বারাণসীতে চলে আসে, সেখানেই তিনি তাঁর জীবনের বেশিরভাগ সময় অতিবাহিত করেন। কাশীতে বসবাসকালীন শাস্ত্রপাঠ ও ধর্মসাধনায় বিশ্বাসী তাঁর পিতা গৌরমোহন যিনি নিজে প্রত্যহ ঋগ্বেদ পাঠ করতেন, বালক শ্যামাচরণকে বেদজ্ঞ মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ নাগভট্টের কাছে কিছুকাল বেদশিক্ষার্থীরূপে পাঠান। গঙ্গায় স্নান করে বেদ পাঠ এবং পূজা তাঁর দৈনন্দিন রুটিনের অংশ ছিল। গৌরমোহন প্রাচীন ধর্ম সংস্কৃতিতে বিশ্বাসী হলেও শ্যামাচরণকে শিশুকাল থেকেই উর্দু এবং হিন্দি অধ্যয়ন করান, পরে সরকারী সংস্কৃত কলেজে বাংলা, সংস্কৃত, ফার্সি, ফরাসি এবং ইংরেজি। ১৮৪৬ সালে, তাঁর শ্রীমতি কাশীমনির সাথে বিয়ে হয়। তাঁদের দুই পুত্র ছিল, তিনকড়ি ও দুকড়ি এবং তিন কন্যা, হরিমোতি, হরিকামিনী এবং হরিমোহিনী। তাঁর দুই

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## তেড়েফুঁড়ে ডিএমকেকে আক্রমণ করছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : নজরে দাক্ষিণাত্য। তেড়েফুঁড়ে ডিএমকেকে আক্রমণ করছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তাঁর হাতিয়ার মূলত পরিবারতন্ত্র এবং দুর্নীতি। এবার পালটা দুর্নীতিকে হাতিয়ার করে মোদিকে বেনজির আক্রমণ করলেন ডিএমকে সুপ্রিমো এম কে স্ট্যালিন। তামিলনাড়ুর মুখ্যমন্ত্রীর তোপ, 'দেশে দুর্নীতির বিশ্ববিদ্যালয় হলে মোদি তার উপাচার্য হবেন।'লোকসভায় নিজেদের লক্ষ্যপূরণের জন্য এবার দক্ষিণ ভারতকে টার্গেট করেছেন মোদি। আর বিজেপি সেই টার্গেট পূরণে মূলত পাখির চোখ করছে তামিলনাড়ুকে। মোদি-শাহদের লাগাতার আক্রমণে জর্জরিত ডিএমকে। স্ট্যালিন এবার পালটা দুর্নীতিকেই মোদির বিরুদ্ধে হাতিয়ার করছেন।লোকসভা ভোটের প্রায় বছর খানেক আগে থেকে দক্ষিণ ভারত চষা শুরু করেছেন মোদি। বুধবারও তামিলনাড়ুর একাধিক সভা থেকে ডিএমকেকে তোপ দেগে মোদি বলেন, "গোটা ডিএমকে এখন একটি পারিবারিক সংস্থা'। এই পরিবারতন্ত্রের রাজনীতির জন্যই তামিলনাড়ুর যুব সমাজ এগোতে পারছে না। ডিএমকের হয়ে রাজনীতি করতে হলে তিনটি মূল বিষয় শিখতে হবে, পরিবারের রাজনীতি, দুর্নীতি, তামিল-বিরোধী সংস্কৃতি।" দুর্নীতির পাশাপাশি সরকারি প্রকল্পও তুলে ধরছেন মোদি।
স্ট্যালিন ঠিক এর পর দিনই জবাব দিলেন মোদিকে। ডিএমকে সুপ্রিমো তথা সেরাজ্যের মুখ্যমন্ত্রী বললেন, "দেশে দুর্নীতির বিশ্ববিদ্যালয় তৈরি হলে মোদিই হবেন সেটির আচার্য। তিনিই যোগ্যতম। ইলেক্টোরাল বন্ডের তথ্য সামনে আসার পর কারও সন্দেহ থাকার কথা নয় যে, বিজেপি কতবড় দুর্নীতিবাজ দল। পিএম কেয়ার্স তহবিলও দুর্নীতির এক নিদর্শন। আর নরেন্দ্র মোদি সেই দলেরই নেতা। বিজেপি দুর্নীতিকে প্রাতিষ্ঠানিক করে ফেলেছে।"

## সম্পাদকীয়

### ভারতের কাছে চিনের সঙ্গে সম্পর্কের বিষয়টি অর্থবহ এবং গুরুত্বপূর্ণ


দুই দেশের মধ্যে সীমান্ত সংক্রান্ত যাবতীয় সমস্যা দ্রুত মেটানো উচিত। আমেরিকার পত্রিকা 'নিউজ়উইক'কে দেওয়া সাক্ষাৎকারে এমনই জানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই সাক্ষাৎকারে রামমন্দির, পাকিস্তানের সঙ্গে ভারতের সম্পর্ক, কাশ্মীরে ৩৭০ অনুচ্ছেদ বিলোপ নিয়েও মুখ খুলেছেন তিনি।রামমন্দিরের উদ্বোধন নিয়ে মোদী ওই সাক্ষাৎকারে জানান, প্রভু রামের জীবন দেশের সভ্যতার মূল্যবোধ এবং ধারণার প্রতীক। পাকিস্তানের সঙ্গে সম্পর্ক রক্ষার প্রশ্নে মোদী আরও এক বার সন্ত্রাসবাদ নিয়ে বার্তা দেন ইসলামাবাদকে। জানান, ভারত সর্বদা শান্তি এবং সন্ত্রাসমুক্ত পরিবেশের পক্ষে। তবে ইমরান খানের গ্রেফতারি নিয়ে কোনও মন্তব্য করতে চাননি তিনি। জানিয়েছেন বিষয়টি পাকিস্তানের অভ্যন্তরীণ বিষয়। কাশ্মীরে ৩৭০ অনুচ্ছেদ বিলোপ নিয়ে মোদী প্রশ্নকর্তাকে বলেন, 'জম্মু ও কাশ্মীরে কী কী ইতিবাচক পরিবর্তন হয়েছে, তা স্বচক্ষে দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। আমি কিংবা অন্য কেউ কী বলল, তা শোনার প্রয়োজন নেই।'তবে লোকসভা ভোটের আগে মোদীর চিন সংক্রান্ত মন্তব্যকে কেন্দ্রের এনডিএ সরকারের অবস্থান হিসাবেই ধরে নিচ্ছেন অনেকে।
সাক্ষাৎকারে মোদী বলেন, 'ভারতের কাছে চিনের সঙ্গে সম্পর্কের বিষয়টি অর্থবহ এবং গুরুত্বপূর্ণ। আমার বিশ্বাস, আমাদের সীমান্তের সুদীর্ঘ পরিস্থিতির দ্রুত মীমাংসা করা উচিত। সে ক্ষেত্রে আমাদের দ্বিপাক্ষিক বোঝাপড়ার ক্ষেত্রে যে অস্বাভাবিকতা রয়েছে, তাকে আমরা পিছনে সরিয়ে দিতে পারব।' ভারত-চিন সম্পর্ককে গোটা বিশ্বের জন্য গুরুত্বপূর্ণ বলেও অভিহিত করেন প্রধানমন্ত্রী।প্রসঙ্গত, ২০২০ সালে গালওয়ান উপত্যকায় দু'দেশের সেনার মধ্যে সংঘর্ষ হওয়ার পর পূর্ব লাদাখের বেশ কিছু এলাকায় ভারতের অংশে ঢুকে পড়ার অভিযোগ ওঠে চিনের বিরুদ্ধে। তার পর কূটনৈতিক এবং সামরিক স্তরে একাধিক বৈঠকের পরেও স্থায়ী কোনও ঐকমত্যে আসতে পারেনি দিল্লি এবং বেজিং। আপাতত দুই দেশই সীমান্তে 'শান্তি এবং স্থিতাবস্থা' বজায় রেখেছে। এই প্রসঙ্গে মোদী বলেন, 'আমার আশা এবং বিশ্বাস, কূটনৈতিক এবং সামরিক স্তরে ইতিবাচক ও গঠনমূলক বোঝাপড়ার মাধ্যমে আমাদের সীমান্তে শান্তি এবং স্থিতাবস্থা ফিরে আসবে।'

# রাজ্যপালকে কড়া চিঠি দিয়েছে শিক্ষা দফতর

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : আদালত অবমাননার অভিযোগ! এবার রাজ্যপালের বিরুদ্ধে অভিযোগ আনল রাজ্য সরকার। রাজ্যপালকে কড়া চিঠি দিয়েছে শিক্ষা দফতর। রাজ্যের বক্তব্য, 'রাজ্যপালের কর্মকাণ্ড আদালত অবমাননার সমান'। শিক্ষা দফতরের অভিযোগ, আইনের বাইরে গিয়ে, একক ভাবে রাজ্যপাল তথা আচার্য সি ভি আনন্দ বোসের বিরুদ্ধে রাজ্যের চার বিশ্ববিদ্যালয়ে অন্তর্বর্তী উপাচার্য নিয়োগ করেছেন।এখানেই রাজ্যপালের ভূমিকায় ক্ষুব্ধ রাজ্য সরকার। বিকাশ ভবনের তরফ থেকে চিঠিতে দাবি করা হয়, রাজ্যপাল অবিলম্বে এই নির্দেশ যাতে প্রত্যাহার করেন। শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠকে বসে তারপরই যেন উপাচার্য নিয়োগের বিষয়টিতে সিদ্ধান্ত নেন। রাজ্যের অভিযোগ, রাজ্যপাল সুপ্রিম কোর্টের নির্দেশে গ্রাহ্য না করে চারটি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে এই সিদ্ধান্ত একক ভাবে নিয়েছেন।রাজ্যপাল যাতে এই ধরনের নির্দেশ প্রত্যাহার করেন, তাও চিঠিতে উল্লেখ করেন। বলা হয়েছে, রাজ্যপাল যাতে তৎপরতার সঙ্গে রাজ্যের ৩১ টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সমস্যা নিয়ে এখনই শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠকে বসেন। বিকাশভবনের তরফে রাজভবনে পরিষ্কার করা হয়েছে, নতুন করে কোনও উপাচার্যকে নিয়োগপত্র দিয়ে থাকলে তা বাতিল করা হোক।
রাজভবনের তরফে ৫ এপ্রিল এক্স হ্যান্ডেলে একটি পোস্ট করা হয়। আর তা নিয়েই জটিলতা। এক্স হ্যান্ডলে লেখা হয়েছিল, শিক্ষামন্ত্রীর সুপারিশক্রমে রাজ্যপাল দার্জিলিং হিলস, ঝাড়গ্রাম সাধু রামচাঁদ মুর্মু, উত্তর ২৪ পরগনার হরিচাঁদ গুরুচাঁদ এবং হুগলির রানি রাসমণি গ্রিনস বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য নিয়োগ করেছেন। উচ্চশিক্ষা দফতরের এক আধিকারিক রাজভবনের এক হ্যান্ডেলে এ হেন পোস্টের কথা উল্লেখ করেন। পরে তিনিই দাবি করেন, রাজভবনের তরফে সেই পোস্ট আবার মুখেও ফেলা হয়।

৩ পাতার পর

# পাহাড় নিয়োগ দুর্নীতির টাকা অরূপের মাধ্যমেই কলকাতায় এসেছে:শুভেন্দু



রাজ্যের হেভিওয়েট দুই মন্ত্রী যুক্ত আছে বলে দাবি করলেন শুভেন্দু অধিকারী। তার নিশানায় অরূপ বিশ্বাস এবং পার্থ ভৌমিক।
সম্প্রতি জিটিএ শিক্ষক নিয়োগ দুর্নীতিতে সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছে কলকাতা হাই কোর্ট। বুধবার দিল্লি যাওয়ার পথে এই নিয়ে বিস্ফোরক দাবি করলেন শুভেন্দু অধিকারী। জোর গলায় বিরোধী দলনেতা বলেন রাজ্যের দুই মন্ত্রীও এই দুর্নীতির সঙ্গে জড়িত।
জিটিএ (গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন) শিক্ষক নিয়োগ দুর্নীতি প্রসঙ্গে একজন সরকারি আধিকারিক হাই কোর্টের বিচারপতি বিশ্বজিৎ বসুকে চিঠি দিয়েছেন। এর ভিত্তিতেই সিবিআইকে প্রাথমিক অনুসন্ধানের নির্দেশ দেওয়া হয়েছে। আগামী ২৫ এপ্রিল রিপোর্ট জমা করবে কেন্দ্রীয় এজেন্সি। একইদিনে জিটিএ-কেও একটি রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছে আদালত। যাঁদের বিরুদ্ধে বেআইনি চাকরি পাওয়ার অভিযোগ উঠেছে তাঁদের যোগ্যতা কী? কীভাবে চাকরি পেয়েছেন? কার সুপারিশে পেয়েছেন? সবকিছু হলফনামার আকারে রিপোর্ট করে জমা দিতে হবে জিটিএ-কে। হাই কোর্টের এই নির্দেশের পরেই শুভেন্দু দাবি করেন, পাহাড়ের এই নিয়োগ দুর্নীতির সঙ্গে রাজ্যের দুই মন্ত্রী অরূপ বিশ্বাস এবং পার্থ ভৌমিক যুক্ত।
উল্লেখ্য, জাস্টিস বসুকে লেখা চিঠিকে সংশ্লিষ্ট সরকারি আধিকারিক দাবি করেছেন, পাহাড়ে দুই দফায় স্কুল শিক্ষক এবং পুরসভায় প্রায় ৭০০ কর্মীকে বেআইনি নিয়োগ করা হয়েছে। সেই চিঠিতে পার্থ ভৌমিক, পাহাড়ের তৃণমূল নেতা বিনয় তামাং, রাজ্যের তৎকালীন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় এবং তৃণমূলের এক যুব নেতার নাম রয়েছে বলে খবর।
যদিও তৃণমূল নেতা তথা শিলিগুড়ির মেয়র গৌতম দেব এই সকল দাবি অস্বীকার করেছেন। ভোট এসে গিয়েছে, সেই কারণে এমন দাবি করা হয়েছে বলে মন্তব্য করেন তিনি। পাহাড়ে নিয়োগ দুর্নীতির এই মামলার জল কতদূর অবধি গড়ায় সেদিকেই এখন নজর সকলের।

## আদি অনন্ত কাল হইতে শিব ও মনসা জঙ্গল অধিপত্য দেব ও দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

শ্রীকৃষ্ণকে সেই পরমব্রহ্মের এক সাকার রূপ ধরা হয় এবং পরমেশ্বর মানা হয়। এখন কেউ যদি বলেন শ্রীকৃষ্ণ না শিবই আমার কাছে পরমেশ্বর তাতেও ভুল নেই কারণ তিনি যাঁকেই ডাকুন না কেন, সেই পরমেশ্বর কেই ভজনা করছেন। এখন প্রশ্ন আসতে পারে কৃষ্ণ বড় নাকি শিব বড়। ব্রহ্মবৈবর্ত পুরাণের সৃষ্টিখন্ডে ঈশ্বর শিবকে বলছেন " যে তোমার ও আমার মাঝে বিভেদ করবে তার মত পাপী আর পৃথিবীতে নেই"।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## মা কারিনার ওপর খবরদারি করছে ছোট্ট তৈমুর!





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সাইফ আলি খানকে বিয়ে করে দিব্যি সংসারী কারিনা কাপুর। এই বলিউড দম্পতির প্রথম সন্তান তৈমুর আলি খান। তৈমুরের বয়স ছয় বছর। বছর তিনেক আগে আরও এক পুত্রসন্তানের বাবা-মা হন এই তারকা জুটি। দুই সন্তান তৈমুর ও জেহ। শৈশব পেরোচ্ছে তৈমুর। এক সময় আলোকচিত্রীদের মধ্যে জনপ্রিয় ছিল সে। কিন্তু ইদানীং মাঝেমধ্যেই তার খিটখিটে মেজাজ ধরা পড়েছে ক্যামেরায়। তবে শুধু তৈমুর নয়, কারিনার ছোট ছেলে জেহও বেশ 'মুডি'। আলোকচিত্রীদের ক্যামেরায় দুই ভাইয়ের নানা মুডের ছবি ধরা পড়ে। সম্প্রতি 'ক্রিউ' ছবিতে দেখা গিয়েছে কারিনাকে। এই ছবির সাফল্যের পর সম্প্রতি 'আস্ক মি এনিথিং' সেশনে ধরা দেন অভিনেত্রী। সেখানেই ছেলের এক বিশেষ স্বভাবের কথা প্রকাশ্যে আনেন তিনি। এই সেশনের মাধ্যমে নিজের অনুরাগীদের সঙ্গে খোশগল্পে মাতেন বেবো। নানা প্রশ্নের উত্তর দেন। কারিনা জানান, ছোটোবেলায় তার পছন্দের কার্টুন কী ছিল। তিনি কীভাবে তার দুই ছেলেকে সাজিয়ে দেন। সেই সঙ্গে পতৌদিদের বাড়ির অন্দরের খবরও প্রকাশ্যে আনলেন তিনি। এক অনুরাগী কারিনাকে প্রশ্ন করেন, ছোটবেলায় তার প্রিয় কার্টুন চরিত্র কী ছিল? উত্তরে 'টম অ্যান্ড জেরি'-র ছবি পোস্ট করেন কারিনা। এই দুই চরিত্রকে নিজের দুই সন্তান তৈমুর ও জেহ'র সঙ্গে তুলনা করেন। পাশপাশি এক অনুরাগী জিজ্ঞেস করেন মা হিসেবে তিনি ছেলেদের সাজিয়ে গুছিয়ে দেন কি না? তাতেই কারিনা জানান, ছেলেদের সাজিয়ে গুছিয়ে রাখতে তার ভালো লাগলেও তৈমুর কিছুতেই তাকে এই বিষয়ে নাক গলাতে দেয় না। বোঝা যাচ্ছে, ছোটো থেকেই ছেলেদের স্বাবলম্বী হওয়ার পাঠ দিচ্ছেন সাইফ-কারিনা।

## অন্যের ভালো লাগবে বলে জামা পরি : অপরাজিতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কলকাতার জনপ্রিয় অভিনেত্রী অপরাজিতা আঢ্য। অভিনয়ের পাশাপাশি ব্যক্তিজীবন নিয়েও বেশ সাহসী এই অভিনেত্রী। সম্প্রতি মুখোমুখি হয়েছিলেন আনন্দবাজার পত্রিকার। সেখানে কথা বলেন নানান বিষয়ে।

এক প্রশ্নের জবাবে অপরাজিতা বলেন, আমার মনে হয়, কে কী ভাবে শাড়ি পরবেন, সেটা তার ব্যক্তিত্বের ওপর নির্ভর করে। আমার খুব ভাল চেহারা, আমি চাই মানুষের প্রশংসার তীব্রতা আমাকে আকর্ষণ করুক। তার চোখে দারুণ দেখতে লাগছে। কেউ যদি লো কাট ব্লাউজের সঙ্গে শিফন শাড়ি পরেন, তিনি যদি আত্মবিশ্বাসী হন, তাহলে পরবেন।

তিনি আরও বলেন, আমরা তো নিজের জন্য জামাকাপড় পরি না, অন্যের আমাকে ভালো লাগবে বলে পরি। মানুষ যদি শুধু নিজের জন্য জামাকাপড় পরত, তাহলে তো ম্যাক্সি পরেই কেটে যেত। কিন্তু আমার ব্যক্তিগত মত, আমি নিজে এমন পোশাক পরব যা সর্বজনগ্রাহ্য। পোশাকের মাধ্যমে কোনো ব্যক্তি কী ধরনের বার্তা দিতে চাইছেন, সেটা তার মানসিকতার ওপর নির্ভর করে।

অভিনেত্রীর এমন মন্তব্যে নেটিজেনরা মেতেছেন নানা কথায়, নানা সমালোচনায়।

## একাধিক প্রেমিকা বদল, শ্রাবন্তীর সঙ্গে তুলনা শোভনকে







**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** একাধিক প্রেমের কারণে আলোচিত কলকাতার গায়ক শোভন গাঙ্গুলী। গায়িকা থেকে নায়িকা, শোভনের প্রেমিকার তালিকাটা দীর্ঘ। বয়সে বড় গায়িকা ইমন চক্রবর্তীর সঙ্গে অসম প্রেম দিয়ে শুরু, এরপর প্রেম করেছেন অভিনেত্রী স্বস্তিকা দত্ত ও সোহিনী সরকারের সঙ্গে। শোভনের প্রথম দুই প্রেমই ওপেন সিক্রেট ছিল ভক্তদের কাছে। বয়সের বাঁধাকে বুড়ো আঙুল দেখিয়ে ইমন চক্রবর্তীর সঙ্গে চুটিয়ে প্রেমের পর অভিনেত্রী স্বস্তিকার সঙ্গে জড়ান তিনি। প্রায় তিন বছর ছিল সেই সম্পর্ক। কিন্তু আচমকাই ২০২৩ সালের এপ্রিলে আলাদা হয়ে যান এই জুটি। এরপরই জড়িয়ে পড়েন অভিনেত্রী সোহিনী সরকারের প্রেমে। সম্প্রতি তাদের বিয়ের খবরও শোনা যায়। বারবার প্রেমিকা বদল নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে নেটিজেনদের কটাক্ষের শিকার হন শোভন। অভিনেত্রী শ্রাবন্তীর চরিত্রের সঙ্গে তুলনা করেও তুলোধুনো করা হয় তাকে। শ্রাবন্তীর যেমন প্রেমিকের তালিকাটা ছিল দীর্ঘ, শোভনের ক্ষেত্রে প্রেমিকার। সম্প্রতি নিজের জন্মদিন উপলক্ষে একটি গান প্রকাশ্যে আনেন শোভন। সেই গানের পুরো ভিডিওতে এক নারীর ছায়া দেখা যায়। অনেকেরই ধারণা সেই ছায়া-নারী আসলে সোহিনী।

নতুন গানটির আনপ্লাগড ভার্সন শুক্রবার আপলোড করেন শোভন। তার বার্তা, 'এই গান একটা বিশেষ ব্যক্তির জন্য বানানো, যিনি এই মূহূর্তে ক্যামেরার ওপ্রান্তে রয়েছেন। তার আবদারেই সবাইকে গানটা শোনান্যে়।'

নেটিজেনদের বুঝতে অসুবিধা হয়নি, ওই বিশেষ ব্যক্তি সোহিনী সরকার। শোভনের গানের কথা জুড়ে শুধুই প্রেম। সেখানে রয়েছে, প্রেমের আলাপ জমানোর কথা, সহজেই ভালোবাসার কথা।

এই ভিডিওর কমেন্ট বক্সে এক নেটিজেন বিদ্রুপ করে লেখেন, 'সব ঠিক আছে কিন্তু তুমি তো দেখছি শ্রাবন্তী, কাঞ্চন এদেরকেও ছাড়িয়ে যাবে ভাই। তবে একটা ফারাক আছে তোমার মধ্যে ওরা বিয়ে করে ছাড়ে আর তুমি বিয়ে না করেই।' এই কমেন্টের জবাবে শোভন পাল্টা লেখেন, 'তাই তো ছড়িয়ে ফেলছি না, ছাড়িয়ে যাচ্ছি।'

এর আগে বারবার প্রেম ভাঙা প্রসঙ্গে কলকাতার একটি সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে শোভন বলেছিলেন, 'যে সম্পর্ক শুরু করেছি সেটা আজীবন টিকিয়ে রাখব বলেই শুরু করেছি। তবে পরিস্থিতি এমন হয়েছে যে সম্পর্কটা ভেঙে গিয়েছে। এই ব্যাপারে পরিবারের মানুষকে বোঝানো ছাড়া আর কারো কাছে জবাবদিহি করার কোনো প্রশ্ন উঠছে না। আমার অতীত সম্পর্কে একমাত্র জানার অধিকার রয়েছে যার সঙ্গে আমার নতুন সম্পর্ক শুরু হচ্ছে।'

## বাবা-মেয়ের অভিনয় করলেও এখন প্রেম করছেন তারা!






**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** টালিউডে নাকি প্রেমের খবর কিছুতেই চাপা থাকে না! ফাঁক-ফোকর দিয়ে তা বেরিয়েই আসে। তবে কখনো কখনো আবার দেখা যায়, যে প্রেমের খবর লেগেছে হাওয়া, তার পিছনে আছে অন্য কিছু! আপাতত যেমন চর্চায় অভিনেতা অম্বরীশ ভট্টাচার্যের সঙ্গে 'সম্পর্কে রয়েছেন' আয়েশা ভট্টাচার্য। বলে রাখা ভালো, পুণ্যিপুকুর' নামের ধারাবাহিকে অম্বরীশের মেয়ের চরিত্রে অভিনয় করেছিলেন আয়েশাই। অসমবয়সের প্রেম নিয়ে স্বভাবতই উত্তেজনা ফিল্মিবাফদের ভিতরে। কাঞ্চন মল্লিক-শ্রীময়ী চট্টোরাজ, দোলন রায়-দীপঙ্কর দাসের পর কি তাহলে আরও এক 'বিতর্কিত বিয়ে' আসতে চলেছে সামনে? এমন জল্পনা নিয়ে ফোন হাসতেই হেসে গড়িয়ে পড়েন আয়েশা। গণমাধ্যমকে বলেন, 'প্রেম করছি না, অম্বরীশদার প্রেমিকার চরিত্রে অভিনয় করছি।'

আয়েশা বলে ওঠেন, 'মাঝে মাঝে এমন খবর রটে'! বিস্তারে বুঝিয়ে বলেন, অম্বরীশদার সঙ্গে তিনি প্রেম করছেন না। বরং একসঙ্গে একটি সিনেমা করছেন। যেখানে তাঁকে অম্বরীশের প্রেমিকার চরিত্রেই দেখা যাবে। সেটায় নিঃসন্দেহে অসমবয়সি প্রেম দেখতে পাবে দর্শকরা, বাস্তবে নয়। ছবির নাম ব্যুমেরাং। ছবিতে মুখ্য চরিত্রে দেখা যাবে জিৎ আর রুক্মিণী মৈত্রকে। এছাড়াও এই সিনেমায় রয়েছেন দেবচন্দ্রিমা সিংহ রায় এবং সৌরভ দাস। তার আর অম্বরীশের জুটি নিয়ে বিস্তারিত জানালেন আয়েশা। বললেন, 'আমার আর অম্বরীশদার চরিত্রটি খুব গুরুত্বপূর্ণ। দুজনের চরিত্রই ভীষণ মজার। বেশ কয়েকমাস আগেই শ্যুট শেষ হয়েছে আমাদের। আমাদের দুজনের অসমবয়সের যে সম্পর্ক, তা খুব সুন্দরভাবে প্রস্ফুটিত করা হয়েছে গোটা সিনেমায়। দর্শকদের ভালো লাগবে। দেখতে খুব সুন্দর লাগবে। অম্বরীশদা এর আগেও মজার চরিত্রে অভিনয় করেছেন, কিন্তু এবারের চরিত্রটি একেবারে নতুন ধরনের।'

শিগগিরই মুক্তি পাচ্ছে অম্বরীশ-আয়েশার ছবি 'ব্যুমেরাং'। ব্যুমেরাং পরিচালনা করেছেন সৌভিক কুণ্ডু।

## চমকে দিলেন ফারদিন!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ১৪ বছর পর ক্যামেরার সামনে ফিরেই চমকে দিলেন বলিউড অভিনেতা ফারদিন খান। সঞ্জয় লীলা বনশালির 'হীরামাণ্ডি'র লুকে তাকে দেখে মুগ্ধ অনুরাগীরা।

সোনাক্ষী সিনহা, মণীষা কৈরালা, রিচা চাড্ডা, অদিতি রাও হায়দরি, সানজিদা শেখ, শর্মিন সেহগালের মতো অভিনেত্রী রয়েছে ওয়েব সিরিজে। এদের সঙ্গেই অভিনয় করেছেন ফারদিন। সিরিজে ওয়ালি মহম্মদের চরিত্রে অভিনয় করেছেন এই তারকা। চোখে সুরমা লাগিয়ে বেশ নবাবি মেজাজেই দেখা যাচ্ছে তাকে।

বাবা ফিরোজ খানের পরিচালনায় সিনেমার জগতে সফর শুরু করেছিলেন ফারদিন। ১৯৯৮ সালে মুক্তি পেয়েছিল 'প্রেম আগন'। এর পর 'জঙ্গল', 'প্যায়ার তুনে ক্যায়া কিয়া', 'খুশ', 'ভূত', 'হে বেবি'র মতো একাধিক সিনেমায় অভিনয় করেছেন। চকোলেট হিরো হিসেবে একসময় জনপ্রিয়তাও পেয়েছেন। কিন্তু ২০১০ দশ সালে মুক্তি পাওয়া'দুলহা মিল গ্যায়া'র পর গ্ল্যামার জগৎকে বিদায় জানান অভিনেতা।

রুপোলি পর্দা থেকে দূরে চলে যাওয়ার পর যতবারই ফরদিনকে দেখা গেছে, অবাক হয়েছেন তাঁর ভক্তরা। অনেকখানি ওজন বাড়িয়ে ফেলেছিলেন অভিনেতা। কিন্তু তার পর আবার চেনা চেহারায় ফিরে চমকে দেন।

# মাঠে ফিরেই গোল পেলেন মেসি, জেতা হলো না মিয়ামির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এই মুহূর্তটিরই যেন অপেক্ষা ছিল। দ্বিতীয়ার্ধের শুরুতে লিওনেল মেসি মাঠে নামতেই গর্জন উঠল গ্যালারিতে। মাঠের ফুটবলেও বয়ে গেল রোমাঞ্চের স্রোত। ইন্টার মায়ামির খেলার গতিই বদলে গেল। দারুণ এক গোল করে মেসিই সমতায় ফেরালেন পিছিয়ে থাকা দলকে। একটু পরে তিনি অবদান রাখলেন আরেক গোলে। প্রতিপক্ষের গোলমুখে হুমকি ছড়ালেন বারবার। কিন্তু শেষটা প্রত্যাশিত হলো না মেসিদের। পয়েন্ট হারালেন তারা শেষ দিকে গোল হজম করে। মেজর লিগ সকারের ম্যাচটিতে কলোরাডো র‍্যাপিডসের সঙ্গে ২-২ গোলে ড্র করে ইন্টার মায়ামি। বাংলাদেশ সময় আজ রবিবার সকালের এই ম্যাচ দিয়েই চোট কাটিয়ে মাঠে ফেরেন মেসি। মেজর লিগ সকারে তিনি সবশেষ খেলেছিলেন গত ২ মার্চ। ১৩ মার্চ কনক্যাকাফ চ্যাম্পিয়ন্স কাপের ম্যাচের ৫০তম মিনিটে তিনি মাঠ ছেড়ে যান হ্যামস্ট্রিংয়ে টান লাগায়। এরপর থেকেই তার ফেরার অপেক্ষায় ছিল ক্লাব ও সমর্থকেরা। এই ম্যাচে তার ফেরার ইঙ্গিত ক্লাবের পক্ষ থেকে দেওয়া হয়েছিল আগেই। সহকারী কোচ হাভিয়ের মোরালেস বলেছিলেন, ১০-১৫ মিনিট হলেও মেসিকে খেলাতে চান তারা। শেষ পর্যন্ত আর্জেন্টিনার বিশ্বকাপ জয়ের নায়ককে পুরো দ্বিতীয়ার্ধেই দেখা যায় মাঠে। মেসি নামার আগে উত্তেজনার উপকরণ খুব বেশি ছিল না ম্যাচে। প্রথমার্ধের শেষ সময়ে রাফায়েল নাভারোর পেনাল্টিতে এগিয়ে যায় কলোরাডো। দ্বিতীয়ার্ধে মেসি নামার পর মায়ামির প্রবল দাপটের শুরু। গোলও আসে সেই ধারাবাহিকতায়। ৫৭তম মিনিটে ডানপাশে বক্সের একটু বাইরে থেকে দারুণ ক্রস করেন আর্জেন্টাইন ডিফেন্ডার ফ্রাঙ্কো নেগ্রি। ফাঁকায় থাকা মেসি বক্সের একটু ভেতর থেকে বল না ধরেই বাঁ পায়ের নিঁখুত শট নেন। পোস্টে লেগে বল ঢুকে যায় জালে। তিন মিনিট পরই মেসির পাস থেকে বল পান দাভিদ রুইস। হন্ডুরাসের এই মিডফিল্ডার দারুণভাবে বক্সে ঢুকে বল বাড়িয়ে দেন লিওনার্দো আফোন্সোর দিকে। ব্রাজিলিয়ান এই ফরোয়ার্ড সরাসরি শটে পরাস্ত করেন কলোরাডোর গোলকিপারকে। শুরুর একাদশে প্রথমবার জায়গা পেয়েই গোলের স্বাদ পেলেন ২২ বছর বয়সী এই ফুটবলার। এই শট ঠেকাতে না পারলেও কলোরাডোর গোলকিপার জ্যাক স্টিফেন দলের ত্রাতা হয়েছে বারবার। মায়ামির মোট ৫টি শট ঠেকিয়েছেন ম্যানচেস্টার সিটিতে ৫ বছর কাটিয়ে আসা ২৯ বছর বয়সী এই গোলকিপার। গোল করে ও বানিয়ে দিয়েও থামেননি মেসি। ৭৪তম মিনিটে তার একটি ফ্রি কিক চলে যায় ক্রসবারের সামান্য ওপর দিয়ে। চার মিনিট পর তার আরেকটি শট বাইরে যায় একটুর জন্য। ৮৮তম মিনিটে দারুণ একটি পাল্টা আক্রমণ থেকে সমতায় ফেরে কলোরাডো। বদলি নামা ক্যালভিন হ্যারিস বল নিয়ে দ্রুত গতিতে এগিয়ে মায়ামির বক্সের একটু বাইরে তিনজনের মধ্য থেকে চমৎকারভাবে বাড়িয়ে দেন বল। পা বাড়িয়েও বলের নাগাল পাননি মায়ামির সের্হিও বুসকেতস। তার ঠিক পাশেই থাকা কোল বাসেট ঠাণ্ডা মাথায় নিখুঁত ফিনিশিংয়ে জালে জড়ান বল। যোগ করা সময়ের দ্বিতীয় মিনিটে গ্যালারি থেকে মাঠে ঢুকে এক তরুণ মেসির সঙ্গে সেলফি নেওয়ার চেষ্টা করেন এক তরুণী। নিরাপত্তাকর্মীরা তাকে বাইরে নিয়ে যান দ্রুতই। যোগ করা সময়ের ষষ্ঠ মিনিটে ফ্রি কিক পায় কলোরাডো। মায়ামিকে এবার রক্ষা করেন গোলকিপার ড্রেক ক্যালেন্ডার। মায়ামি পারেনি আর সুযোগ তৈরি করতে। মেসির ফেরাও তাই পূর্ণতা পায়নি। এই ম্যাচের পর ৮ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে মেজর লিগ সকারের ইস্টার্ন কনফারেন্সের পয়েন্ট তালিকায় তিনে আছে মায়ামি। ৬ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে দুইয়ে ফিলাডেলফিয়া, ৭ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে সবার ওপরে নিউ ইয়র্ক রেড বুলস।

# 'শাহীন আফ্রিদিকে আরও সময় দেওয়া উচিত ছিল'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতে অনুষ্ঠিত ওয়ানডে বিশ্বকাপে ব্যর্থতার জেরে বাবর আজম সরে যাওয়ায় শাহীন আফ্রিদিকে ওয়ানডে ও টি-টোয়েন্টির দায়িত্ব দেয় পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। তবে এক সিরিজ ব্যর্থ হতেই আবারও বাবরের দ্বারস্থ হয় তারা। ব্যাপারটা তাড়াহুড়ো হয়ে গেছে বলে মনে করেন পিসিবির সাবেক চেয়ারম্যান জাকা আশরাফ।

শনিবার লাহোরে এক ইফতার পার্টিতে উপস্থিত ছিলেন জাকা আশরাফ। সেখানেই শাহীন আফ্রিদিকে অপসারণের সিদ্ধান্তের সমালোচনা করে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে জাকা বলেন, 'শাহীনকে আরও কিছু সময় দেওয়া উচিত ছিল, অন্তত এক বছর, যাতে এই বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে তার পারফরম্যান্স বিশ্লেষণ করা যেতে পারে।'

জাকা আশরাফের মেয়াদেই অধিনায়কত্ব থেকে সরে দাঁড়ান বাবর। বোর্ড থেকেও চাপ ছিল বলে তখন জানা গিয়েছিল। ব্যাপারটা ব্যাখ্যা করে জাকা আরও বলেন, ‌বাবরকে অধিনায়ক থেকে সরাতে চেয়েছি কারণ আমরা দেখেছি যে অধিনায়ক হিসেবে সে চাপে থাকে। এই কারণেই আমরা শাহীনকে অধিনায়ক করেছি যাতে সে (বাবর) ব্যাটিংয়ে পুরোপুরি মনোনিবেশ করতে পারে।'

# জমে উঠেছে ইপিএল: লিভারপুলের ড্র, শীর্ষে আর্সেনাল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দারুণ খেলেও লিভারপুলে শেষ পর্যন্ত জিততে পারলো না। কেবল শেষ দিকে সমতা টেনে এক পয়েন্ট নিয়ে ঘরে ফিরেছে ইয়ুর্গেন ক্লপের দল। ফলে তাদের শিরোপা ভাগ্যও হাতছাড়া হওয়ার দশা।

ওল্ড ট্র্যাফোর্ডে রবিবার প্রিমিয়ার লিগের ম্যাচটি ২-২ গোলে ড্র হয়েছে। লুইস দিয়াসের গোলে লিভারপুল এগিয়ে যায়। দ্বিতীয়ার্ধের শুরুতেই সমতা টানেন ব্রুনো ফের্নান্দেস। এরপরই কোবি মাইনোর গোলে এগিয়েও যায় তারা ম্যানইউ। পরে মোহাম্মদ সালাহর গোলে হার এড়ায় ইয়ুর্গেন ক্লপের দল। এই ড্রয়ের ফলে শিরোপাভাগ্যও আর রইল না লিভারপুলের। টেবিলের প্রথম তিন দলের মধ্যে পার্থক্য ফের নেমে এলো ১ পয়েন্টে।

৩১ ম্যাচে ২১ জয় ও ৮ ড্রয়ে ৭১ পয়েন্ট নিয়ে দুইয়ে লিভারপুল। তাদের সমান পয়েন্ট নিয়ে গোল ব্যবধানে এগিয়ে শীর্ষে আর্সেনাল।

# অধরা স্বপ্ন পূরণে সর্বোচ্চটা দিতে চান জোকোভিচ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অস্ট্রেলিয়ান ওপেনে শিরোপা রেকর্ড ১০টি, টেনিস ইতিহাসে যৌথভাবে সর্বোচ্চ ২৪টি গ্র্যান্ড স্ল্যাম জয়ের রেকর্ড। আরও কত সব রেকর্ড-অর্জনে সমৃদ্ধ নোভাক জোকোভিচের বর্ণাঢ্য ক্যারিয়ার। তবে একটি অপূর্ণতা রয়েই গেছে তার। এখনও যে অলিম্পিকসে সোনা জিততে পারেননি তিনি। এই বছরের প্যারিস অলিম্পিকসে সেই স্বপ্ন পূরণে নিজের সর্বোচ্চটা দিতে চান সার্বিয়ান তারকা।

সোনা জয় তো দূরে থাক, এখন পর্যন্ত চারবার অলিম্পিকসে অংশ নিয়ে কোনোবার ফাইনালেই খেলতে পারেননি জোকোভিচ। প্রথমবার তিনি অলিম্পিকসে অংশ নেন ২০০৮ সালে। বেইজিংয়ের ওই আসরে সেমি-ফাইনালে রাফায়েল নাদালের কাছে হারের পর ব্রোঞ্জ জিততে পারেন তিনি। এরপর তিনবার অলিম্পিকসে খেলতে গিয়ে তিনি দুবার হেরে যান ব্রোঞ্জ পদকের লড়াইয়ে। ২০১৬ রিও অলিম্পিকসে তো বিদায় নেন প্রথম রাউন্ড থেকেই।

৩৬ বছর বয়সী জোকোভিচের কাছে এখন তাই প্যারিস অলিম্পিকস গুরুত্ব পাচ্ছে সবচেয়ে বেশি। ফিট থাকতে সবার আগে চিনি বাদ দিন, প্রাকৃতিক ও নিরাপদ জিরোক্যাল-এর মিষ্টি স্বাদ নিন। তিনি জানান, প্যারিস অলিম্পিকস খুবই গুরুত্বপূর্ণ। অলিম্পিকস সবসময়ই আমার কাছে অগ্রাধিকার ছিল। কিন্তু গত তিন বা চারটি অলিম্পিকসে আমার পক্ষে শেষ ধাপে (ফাইনাল) পৌঁছানো সম্ভব হয়নি। পরিস্থিতি এখন একটু ভিন্ন। ক্লে কোর্টে প্রথমবার আমরা অলিম্পিকস খেলব। শারীরিক ও মানসিকভাবে প্রস্তুত থাকতে চাই আমি।"

প্যারিস অলিম্পিকসে টেনিসের আসর বসবে ফরাসি ওপেনের ঐতিহ্যবাহী ভেন্যু রোলাঁ গারোঁতে। ফরাসি ওপেনের বর্তমান চ্যাম্পিয়ন জোকোভিচ। আগামী ২০ মে থেকে ৯ জুন পর্যন্ত হবে ক্লে কোর্টের এই টুর্নামেন্ট। জুলাইয়ের শেষ দিকে হবে অলিম্পিকস।

এই দুই ইভেন্টের মাঝে আছে উইম্বলডন। বছরের তৃতীয় এই গ্র্যান্ড স্ল্যামের শিরোপা পুনরুদ্ধারের লক্ষ্য জোকোভিচের। তবে নিজের সেরাটা মেলে ধরতে চান তিনি অলিম্পিকসে। তার মতে, "প্যারিসের জন্য আমার সেরা অবস্থায় থাকতে চাই, সেখানেই আমার সেরা টেনিস খেলতে চাই। অন্য যে কোনো কিছু বোনাস। তাই দেখা যাক, কী হয়।"

# সাদা বলে বিশ্বের সেরা ওপেনার বাটলার: সাঙ্গাকারা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আইপিএলের চলতি আসরে রাজস্থান রয়্যালসের জার্সিতে নিজেদের প্রথম তিন ম্যাচে একদমই নিষ্প্রভ ছিলেন জস বাটলার। তবে হতাশার সময়টা বেশিদিন টেনে নিলেন না বিধ্বংসী এই ওপেনার। তার ঝড়ো সেঞ্চুরিতে গতকাল রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুকে হারিয়ে টানা চতুর্থ জয় তুলে নেয় রাজস্থান।

আইপিএলে এদিন নিজের শততম ম্যাচ খেলেছেন বাটলার। মাইলফলকের ম্যাচটি স্মরণীয় করে রাখলেন দারুণভাবে। বেঙ্গালুরুর দেওয়া ১৮৪ রানের লক্ষ্য তাড়া করতে নেমে ৫৮ বলে ৯ চার ও ৪ ছক্কায় ১০০ রানে অপরাজিত থাকেন এই ডানহাতি। জয়ের পর বাটলারকে সাদা বলের সেরা ওপেনার হিসেবে অ্যাখ্যায়িত করেন রাজস্থানের ডিরেক্টর অফ ক্রিকেট কুমার সাঙ্গাকারা।

বাটলারকে নিয়ে লঙ্কান কিংবদন্তি বলেন, 'সবার সঙ্গেই কখনও না কখনও আলোচনার প্রয়োজন পড়ে। তবে আলোচনা মানেই সবসময় ক্রিকেট নিয়ে বা টেকনিক নিয়ে কিংবা এই ধরনের কিছু নিয়ে নয়। ফর্মের ব্যাপারটি অনেকটাই হলো আসলে মানসিক অবস্থা।' 'সাদা বলে বিশ্ব ক্রিকেটের সেরা ওপেনার জস এবং অনেক বছর ধরেই আছে। সে খুবই স্মার্ট, খুব ভালো করেই জানে কীভাবে কী করতে হয়। আর কখনও কখনও আশপাশের আলোচনা এড়িয়ে তাকে নিজের মতো থাকতে দিতে হয়। জসের ক্ষেত্রে সবকিছুরই ভালো সমন্বয় ছিল আমাদের।'

# মন্থর সেঞ্চুরি নিয়ে কোহলিকে পাকিস্তানি পেসারের খোঁচা!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আইপিএলের চলতি আসরে ব্যাট হাতে নিজের সেরা সময়টাকে নতুন করে মনে করিয়ে দিচ্ছেন বিরাট কোহলি। আসরের প্রথম সেঞ্চুরি করেছেন। ২ ফিফটি আর ১ শতকের সুবাদে বাকি ব্যাটারদের তুলনায় অনেকটাই এগিয়ে আছেন তিনি। সর্বোচ্চ রানসংগ্রাহকের তালিকায় ৩১৬ রান করে সবার আগে আছেন বেঙ্গালুরুর এই ওপেনার। গতকালই রাজস্থান রয়্যালসের বিপক্ষে পেয়েছেন সেঞ্চুরি। এবারের আসরের প্রথম সেঞ্চুরি করার পথে ৬৭ বল খেলেছিলেন কোহলি। এটাই আবার আইপিএল ইতিহাসে মন্থরতম সেঞ্চুরির রেকর্ড। ২০০৯ সালে সবশেষ ৬৭ বলে সেঞ্চুরি করেছিলেন মনীশ পান্ডে। ৬৬ বলে সেঞ্চুরি করেছেন তিনজন। ২০১১ সালে শচীন টেন্ডুলকার, ২০১০ সালে ডেভিড ওয়ার্নার এবং ২০২২ সালে জশ বাটলার তিন অঙ্কে যেতে খেলেছিলেন ৬৬ বল। এমন সেঞ্চুরির পর নিজ দেশের অনেকের কাছ থেকে তো বটেই, চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তান থেকেও খোঁচা হজম করতে হয়েছে বিরাট কোহলিকে। দেশটির পেসার জুনায়েদ খান নিজেদের এক্স (সাবেক টুইটার) হ্যান্ডলে লিখেছেন, 'আইপিএলের ইতিহাসে মন্থরতম শতরান করার জন্য বিরাট কোহলিকে অভিনন্দন।'

এমন সব সমালোচনা অবশ্য এসেছে কোহলির নিজের কাছেও। কিন্তু, কোহলি সরাসরি জানিয়েছেন তিনি এসব নিয়ে ভাবতে রাজি নন, 'কোনও ধরনের ভাবনা নিয়ে কখনও খেলতে নামি না। আক্রমণ করব না ধরে খেলব এই ভাবনা মাথাতেই থাকে না। আজ এক সময় ১০ বলে ১২ রান ছিল আমার। তখনও অতিরিক্ত আগ্রাসী হতে যাইনি। বোলারকে ভাবতে বাধ্য করেছি।'

কোহলি নিজেও জানেন পরিস্থিতির কথা। তবে এমন সময়ে এসে নিজের দীর্ঘ অভিজ্ঞতার প্রতিই আস্থা রাখছেন তিনি, 'বোলারেরা সব সময় চায় আমি যাতে শট খেলি এবং আউট হই। কিন্তু এত দিনে এটুকু অভিজ্ঞতা এবং পরিণত মানসিকতা আমার হয়েছে যাতে ওদের ভাবাতে পারি। আমি পরিবেশ এবং পিচ অনুযায়ী খেলি।'

# পাকিস্তান জাতীয় দলে আমিরকে দেখতে চান না রমিজ রাজা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাকিস্তানি পেসার মোহাম্মদ আমির স্পট ফিক্সিংয়ের জন্য ২০১০ সালে নিষিদ্ধ হয়েছিলেন। নিষেধাজ্ঞা শেষে জাতীয় দলে ফিরলেও সেভাবে আলো ছড়াতে পারেননি। ২০২০ সালের পর ফের জাতীয় দলে ফেরার পথে এই বাঁহাতি পেসার। যা নিয়ে ক্ষুব্ধ সাবেক ক্রিকেটার রমিজ রাজা।

গত মাসে আমির জানিয়েছেন, অবসর ভেঙে টি-২০ বিশ্বকাপে ফিরতে ইচ্ছুক তিনি। দলে চতুর্থ পেসার হিসেবে বিশ্বকাপে ভূমিকা রাখার কথাও জানিয়েছিলেন তিনি। যার ফলশ্রুতিতে নিউজিল্যান্ডের বিপক্ষে ঘরের মাঠে সিরিজ উপলক্ষে সামরিক প্রশিক্ষণের ক্যাম্পে ডাকা হয়েছে আমিরকে। মূল দলেও তার থাকার আভাস স্পষ্ট।

এই বিষয়ে পাকিস্তানের একটি গণমাধ্যমে রমিজ রাজা বলেন, 'এই ব্যাপারে আমার মতামত খুবই সোজসাপ্টা। দেখুন ক্রিকেট শোধরানোর শপথ আমি নেইনি। তবে সমাজ ও ভক্তদের জন্য এটা বোঝা জরুরি। লর্ডস টেস্টে আমি তখন ধারাভাষ্য দিচ্ছিলাম। মানুষ তখন আমাকেও ঘৃণা করা শুরু করে দিয়েছিল। তাদের মধ্যে ফিক্সারদের সঙ্গে আমাকেও দেখা গেছে। যে সমালোচনার মুখে আমরা পড়েছিলাম কখনোই ভোলার নয়।'

রমিজ রাজা আরও যোগ করেন, 'তার প্রতি সহানুভূতি থাকলেও কোন দয়া নেই। সৃষ্টিকর্তা এই পথে না নেক, তবে আমার ছেলেও যদি এই কাজ করে তাকে আমি ত্যাজ্য করে দেবো।'

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR